


স্মারক নং: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০৩৯.২১ (অংশ-১)-৯০৩

তারিখ: ২৩ ভাদ্র, ১৪৩০  
৭ সেপ্টেম্বর ২০২৩

বিষয়ঃ ইউনিয়ন পরিষদসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে, বাংলাদেশে বর্তমানে ৪৫৭৭টি ইউনিয়ন পরিষদ রয়েছে। সরকারের উন্নয়ন কার্যক্রম হতে শুরু করে সকল সেবা গ্রহণের প্রাথমিক আশ্রয়স্থল ইউনিয়ন পরিষদ। ইউনিয়ন পরিষদসমূহ নাগরিকদের গুরুত্বপূর্ণ সেবা প্রদান করে থাকে। জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছানোর লক্ষ্যে সরকার ইউনিয়ন পরিষদগুলোতে ইউনিয়ন ডিজিটাল সেন্টার স্থাপন করেছে। ডিজিটাল সেন্টারগুলো হতে নাগরিকগণ ১১২ ধরনের সেবা পেয়ে থাকে। প্রতিটি ইউনিয়ন পরিষদের নিজস্ব একটি ওয়েবসাইট রয়েছে। কিন্তু ওয়েবসাইটে হালনাগাদ তথ্য না থাকার কারণে বিড়ম্বনার সৃষ্টি হচ্ছে। নিয়মিত হালনাগাদ না করার কারণে পরিষদগুলোর ওয়েবসাইটে হালনাগাদ তথ্য পাওয়া যায় না। পাশাপাশি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য ও সচিবদের নামের তালিকাও ইউনিয়ন পরিষদের ওয়েবসাইটে হালনাগাদ থাকে না।

২। এমতাবস্থায়, ইউনিয়ন পরিষদসমূহের ওয়েবসাইটে আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে হালনাগাদ তথ্য উপস্থাপনের জন্য তার জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(জেসমীন প্রধান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২-২২৩৩৫৩৩২৪  
Email: lgup1@lgd.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মঠবাড়ীয়া, পিরোজপুর

স্মারক নং-০৫.১০.৭৯৫৮.০০৩.৫১.০৬০.২৩-৭৮৩

তারিখ: ২৮ ভাদ্র, ১৪৩০  
১২ সেপ্টেম্বর, ২০২৩

উপর্যুক্ত পত্রের নির্দেশনার আলোকে আগামী ১৭/০৯/২০২৩ তারিখের মধ্যে সকল ইউনিয়ন পরিষদসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণের জন্য অনুরোধ করা হলো।

১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল)  
মঠবাড়ীয়া, পিরোজপুর।

  
আবদুল কাইয়ুম  
উপজেলা নির্বাহী অফিসার  
মঠবাড়ীয়া, পিরোজপুর  
E-mail: unomathbaria@gmail.com